গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.২৭.০০২.২০-১৮৪৩

তারিখ: ০৪ পৌষ ১৪৩০ / ১৯ ডিসেম্বর ২০২৩

বিষয়: বগুড়া পৌরসভার সাবেক সহকারী প্রকৌশলী আবু জাফর রেজা (বর্তমানে নির্বাহী প্রকৌশলী, ঈশ্বরদী পৌরসভা, পাবনা) এর বিরুদ্ধে অনিয়ম ও দুর্নীতির বিষয়ে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের আবেদন।

সূত্র : জনাব সেলিম আহম্মেদ, জলেশ্বরীতলা, বগুড়া এর আবেদন; তারিখ: ১২/০৭/২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ আবেদনে বগুড়া পৌরসভার সাবেক সহকারী প্রকৌশলী আবু জাফর রেজা (বর্তমানে নির্বাহী প্রকৌশলী, ঈশ্বরদী পৌরসভা, পাবনা) উক্ত পৌরসভায় কর্মরত থাকাকালে বিভিন্ন অনিয়ম ও দুর্নীতির মাধ্যমে তাঁর ২ জন স্ত্রী ও ৩ জন সন্তানের নামে ৫০ কোটি টাকার সম্পদ অর্জন করেছেন মর্মে উল্লেখপূর্বক তাঁর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয় (কপি সংযুক্ত)।

২। এমতাবস্থায়, উল্লিখিত অভিযোগসমূহ সরেজমিন তদন্তপূর্বক সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

১৯/১২/২০২৩

মোঃ আব্দুর রহমান
উপসচিব
ফোন: +৮৮০২৯৫১৪১৪২
ইমেইল: lgpaura1@lgd.gov.bd

পরিচালক
স্থানীয় সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়
রাজশাহী

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
৬. জনাব সেলিম আহম্মেদ, জলেশ্বরীতলা, বগুড়া

বরাবর

সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়
বাংলাদেশ সচিবালয় ঢাকা।

**বিষয়ঃ বগুড়া পৌরসভার সাবেক সহকারী প্রকৌশলী আবু জাফর মোঃ রেজা বর্তমানে নির্বাহী প্রকৌশলী ঈশ্বরদী পৌরসভা এর ২ স্ত্রী ও ৩ সন্তানের নামে অনিয়ম দূর্নীতি অবৈধ সম্পদ অর্জন দুদকের তদন্ত ও বিভাগীয় ব্যবস্থাসহ আইনগত ব্যবস্থা গ্রহন প্রসঙ্গে।**

সুত্রঃ ১। দুদক বগুড়া এর স্বারক নং- দুদক/সজেকা/বগুড়া/৭৬৭ তাং-৩১/০৮/২০২০

জনাব

বিনীত নিবেদন এই যে আমি নিম্ন সাক্ষরকারী বগুড়া পৌর এলাকার স্থায়ী বাসিন্দা। আবু জাফর মোঃ রেজা বিগত ১৫ বছর যাবৎ বগুড়া পৌরসভায় সহকারী প্রকৌশলী পদে কর্মরত ছিল। ২০২১ সালে নির্বাহী প্রকৌশলী পদে পদোন্নতি নিয়ে ঈশ্বরদী পৌরসভায় যায়। তার ২ জন স্ত্রী (১) মোছাঃ নাছিমা আক্তার (২) মোছাঃ কোহিনুর আক্তার। ২ জন মেয়ে ১ জন ছেলে। মেয়ে (১) সানজাদা ইবনাত (আনন্দিতা) (২) নুসাইবা ওয়াকিয়াহ ছেলে (১) আবু আহনাফ রাফসান। এই প্রকৌশলী ১০ বছর উপ-সহকারী প্রকৌশলী ও ১০ বছর সহকারী প্রকৌশলী পদে বগুড়া পৌরসভায় পদায়িত ছিল। বগুড়াসহ বিভিন্ন পৌরসভায় পদায়নের ফলে সে ২ জন স্ত্রী ও ৩ সন্তানের নামে ৫০ কোটি টাকার জ্ঞাত আয় বহিভূত সম্পদ অর্জন করে যা দুদক বগুড়ায় তদন্ত চলমান। সে বগুড়া পৌরসভায় বিধি বহিভূত ভাবে রাজস্ব তহবিল এডিপি প্রকল্প টিআর এর বিভিন্ন কাজের দৈততা দেখিয়ে সাবেক নির্বাহী প্রকৌশলী আবু হেনা মোস্তফা কামালের সহিত যোগসাজসে পৌরসভায় অনিয়ম ও দূর্নীতি করে ৫০ কোটি টাকার অবৈধ সম্পদ অর্জন করে। প্রতি বছর ডিপিএম ১০ থেকে ২০ লক্ষ টাকার বেশি কাজ করা যায় না। টেন্ডার কল না করে প্রতি বছর ১০ কোটি টাকার ডিপিএম এর মাধ্যমে কাজ দেখানো হতো। প্রকৃতপক্ষে এগুলি সবই কাগজে কলমে মাঠ পর্যায়ে কোন কাজ হয় নাই। প্রতিটি ডিপিএম ৫ হাজার টাকার কাজ করে ২৫ হাজার টাকার বিল উঠানো হতো এবং বছরে ২০০টি সংখ্যক ডিপিএম দেখানো হতো, সামান্য কিছু টেন্ডার দেখানো হতো। এরা প্রকৌশলী নামক কসাই। পৌরসভার টাকা মেরে এরা গাড়ী বাড়ী জমি ক্রয়সহ বিলাশ জিবন যাপন করে। নিম্নে তার ৫০ কোটি টাকার অবৈধ সম্পদের তথ্য বর্ননা করা হলোঃ

১। হোল্ডিং নং ৭৪৮ শহীদ খোকন সড়ক জলেশ্বরীতলা বগুড়ায় ৩ তলা বিশিষ্ট জায়গায় ডুপ্লেক্স শ্বেত পাথরের বাড়ী জায়গার মূল্যসহ ৫ কোটি টাকা।
২। জলেশ্বরীতলায় পৌরসভার দক্ষিণে ১০০০ স্কয়ার ফিটের ফ্লাট ২ টি ফ্লাটের মূল্য ১ কোটি টাকা।
৩। তার গ্রামের বাড়ী সাবগ্রামে ২০ বিঘা আবাদি জমি ক্রয় মূল্য ১০ কোটি টাকা।
৪। গ্রামের বাড়ী সাবগ্রামে ৩ তলা বাড়ী নির্মান মূল্য জায়গা সহ ১ কোটি টাকা।
৫। স্ত্রী মোছাঃ নাসিমা আক্তারের নামে বগুড়াতে ২ টি ফ্লাট মূল্য ১ কোটি টাকা।
৬। ব্যাংক ব্যালেন্স এফডিআর সঞ্চয় পত্র মূল্য ৫ কোটি টাকা।
৭। ঘরের মূল্যবান ফার্নিচারের মূল্য ২ কোটি টাকা।
৮। গ্রামের বাড়ী সাবগ্রামে ২ কোটি টাকার মূল্যর ব্রিক ফিল্ড।
৯। ২ টি গাড়ী ও ১ টি হোন্ডা মূল্য ৫০ লক্ষ টাকা।
১০। বগুড়া নিউ মার্কেট, পুলিশ প্লাজা ও রানার প্লাজায় ৩ কোটি টাকা মূল্যর ৩ টি দোকান ক্রয়।
১১। বগুড়ায় ২ টি মার্কেট মূল্য ১০ কোটি টাকা।

যুগ্ম-সচিব (নঃউঃ-২) এর দপ্তর
স্মাঃ নং তাং
১। পৌর-১ শাখা
২। পৌর-২ শাখা
যুগ্ম-সচিব
স্থানীয় সরকার বিভাগ

অতএব দূর্নীতিবাজ পৌরসভার অর্থ আত্নসাৎকারী সাবেক সহকারী প্রকৌশলী বর্তমানে নির্বাহী প্রকৌশলী আবু জাফর মোঃ রেজার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহন করা অত্যাবশ্যক।

নিবেদক
সেলিম আহম্মেদ
জলেশ্বরীতলা,বগুড়া

অনুলিপিঃ মাননীয় সংসদ সদস্য ৪১ বগুড়া ৬।

নং ... তারিখ ...
১। যুগ্ম-সচিব (নঃউঃ-১)
২। যুগ্ম-সচিব (নঃউঃ-২)
৩। উপ-সচিব (পৌর-১/২)
৪। উপ-সচিব (পৌর-১/২)

দুর্নীতি দমন কমিশন
সমন্বিত জেলা কার্যালয়, [illegible]
[illegible]

স্মারক : [illegible]

তারিখ : [illegible] খ্রি.

[illegible] বগুড়া পৌরসভা, বগুড়া।

বিষয় : [illegible] সরবরাহ প্রসঙ্গে।

সূত্র : (ক) দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, [illegible] খ্রি.।
(খ) দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, [illegible]।

[illegible] (সিভিল), বগুড়া পৌরসভা, [illegible] আবু জাফর মো: রেজা, সহকারী প্রকৌশলী [illegible]।

সূত্রে উল্লিখিত অভিযোগের সুষ্ঠু অনুসন্ধানের স্বার্থে নিম্নবর্ণিত ব্যক্তিবর্গের নামে [illegible] বগুড়া পৌরসভায় কোন জমি, প্লট, ফ্ল্যাট, বাণিজ্যিক স্পেস, বাড়ি আছে কিনা, এ বিষয়ে তথ্য সংগ্রহ করে পর্যালোচনা করা একান্ত প্রয়োজন।

অতএব, নিম্নবর্ণিত ব্যক্তিবর্গের [illegible] বগুড়া পৌরসভার আওতায় কোন জমি, প্লট, ফ্ল্যাট, বাণিজ্যিক স্পেস, বাড়ি আছে কিনা, যদি থাকে তবে [illegible] বিস্তারিত [illegible] আগামী ১০/০৯/২০২০ খ্রি. তারিখের মধ্যে [illegible] সরবরাহের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হল।

| ক্র. | [illegible] বিবরণ | মন্তব্য |
|---|---|---|
| ১. | আবু জাফর মো: রেজা (ABU ZAFAR MD. REZA), পিতা- মৃত আব্দুর [illegible], পেশা-সহকারী প্রকৌশলী (সিভিল, বগুড়া পৌরসভা), ঠিকানা-[illegible], হোল্ডিং নং-৭৪৮, শহীদ মোকাম সড়ক, জলেশ্বরীতলা, বগুড়া, জন্ম তারিখ- ০৩/১০/১৯৬৬ খ্রি., জাতীয় আইডি নং- [illegible] | |
| ২. | মোছা: নাসিমা আকতার (Mst. NASIMA AKTER), পিতা- মৃত মো: আব্দুল [illegible], স্বামী- আবু জাফর মো: রেজা, ঠিকানা- হোল্ডিং নং-৭৪৮, শহীদ মোকাম সড়ক, জলেশ্বরীতলা, বগুড়া, জন্ম তারিখ-[illegible] খ্রি., জাতীয় আইডি নং- [illegible]। | |
| ৩. | মোছা: [illegible] আকতার, পিতা-[illegible], স্বামী- আবু জাফর মো: রেজা, ঠিকানা-[illegible], বগুড়া। | |
| ৪. | সামজানা ইবনাত (অপ্রাপ্তবয়স্ক), পিতা- আবু জাফর মো: রেজা, ঠিকানা [illegible], বগুড়া, জন্ম তারিখ-[illegible]; জন্ম নিবন্ধন নং-২০০৭১০২২০০৭৪৮১০০৭। | |
| ৫. | আবু আহসান [illegible], পিতা- আবু জাফর মো: রেজা, ঠিকানা—হোল্ডিং নং-৭৪৮, শহীদ মোকাম সড়ক, জলেশ্বরীতলা, বগুড়া, জন্ম তারিখ- ৫/২/২০০৭; জন্ম নিবন্ধন নং-২০০৭১০২২০০৭৪৮১০০৭। | |
| ৬. | নুসাইবা ওয়াজিহাহ, পিতা- আবু জাফর মো: রেজা, ঠিকানা—হোল্ডিং নং-৭৪৮, শহীদ মোকাম সড়ক, জলেশ্বরীতলা, বগুড়া, জন্ম তারিখ- ৩০/১০/২০১৩; জন্ম নিবন্ধন নং-২০১৩১০২২০০৭৪৮০৫১৬ | |

৩১.০৮.২০২০
(সুদীপ কুমার চৌধুরী)
উপ সহকারী পরিচালক
দুর্নীতি দমন কমিশন
সমন্বিত জেলা কার্যালয়, বগুড়া।

স্মারক নং- দুদক/সজেকা/বগুড়া/ ৭৩৭

তারিখ : ৩১/০৮/২০২০ খ্রি.।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো-

১। উপপরিচালক, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, বগুড়া।
২। অফিস কপি।

(সুদীপ কুমার চৌধুরী)
উপ সহকারী পরিচালক

O/C

[illegible]